



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী

টেলিফোন : ০৭২১-৭৭২০২৮, ফ্যাক্স : ০৭২১-৮১১৪১২, ই-মেইল : rgwcollegerajshahi@gmail.com, rgwcollege@yahoo.com, ওয়েব সাইট : www.rgwcollege.ac.bd & rgwcollege.edu.bd

তারিখ : ২৬/০৯/২০১৮ খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয় : ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ অনার্স নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ছাত্রীদের অনলাইনে ভর্তির ফরমপূরণ সংক্রান্ত।

আবেদনকারী করণীয় :

১। অন-লাইনে ভর্তির ফরম পূরণ করার তারিখ : ২৭/০৯/২০১৮ থেকে ০৮/১০/২০১৮ পর্যন্ত।

২। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের করণীয় :

(ক) শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.nu.edu.bd/admission](http://www.nu.edu.bd/admission)) থেকে ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত ভর্তি ফরম A4 সাইজের অফসেট সাদা কাগজে দুই কপি প্রিন্ট করে নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে।

(খ) এর পর রাজশাহী সরকারি মহিলা কলেজের ওয়েব সাইট ([www.rgwcollege.ac.bd](http://www.rgwcollege.ac.bd)) গিয়ে **RAJ IT** এ প্রবেশ করে **Honours Admission Link** এ ক্লিক করলে ভর্তি রোল চাইবে, ভর্তি রোল প্রদান করলে একটি তথ্য ফরম আসবে তা যথাযথভাবে পূরণ করে **Submit** করলে একটি **Ref. ID** ও **Password** পাওয়া যাবে। এর পর **login Button** এ ক্লিক করে **Ref. ID** ও **Password** দিয়ে **login** করলে **Payment information** পাওয়া যাবে। এই **Payment information** এ উল্লেখিত টাকা **DBBL** এর মাধ্যমে প্রদান করে ট্যাকিং নম্বর নিতে হবে। ট্যাকিং নম্বর দিয়ে **Submit** করলে **Confirmation Slip** ও **Admission Form download** হবে। এটি প্রিন্ট করতে হবে।

(গ) ভর্তি ফি: বাংলা, ইংরেজি, অর্থনীতি, দর্শন, ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান ও ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের জন্য ৫০১০.০০ (পাঁচ হাজার দশ) টাকা ও পদার্থ, রসায়ন, গণিত, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের জন্য ৬১১০.০০ (ছয় হাজার দশ) টাকা।

(ঘ) **Confirmation Slip, Admission Form**, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাইনলোডকৃত ফরম, এসএসসি ও এইচএসসি পরীক্ষা পাশের মূল নম্বরপত্র ও নম্বরপত্রের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে ২৯/০৯/২০১৮ থেকে ০৯/১০/২০১৮ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।

৩। ফি জমাদানের নিয়মাবলি :

(ক) যে সকল মোবাইলে **DBBL** মোবাইল একাউন্ট আছে সে মোবাইল থেকে \*322# ডায়াল করতে হবে।

(খ) 1 নম্বর পেমেণ্ট অপশন সিলেক্ট করতে হবে।

(গ) 1 নম্বর বিল পে-সিলেক্ট করতে হবে।

(ঘ) রাজশাহী সরকারি মহিলা কলেজের **Biller ID 2302** টাইপ করতে হবে।

(ঙ) বিল নম্বর এ জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ভর্তি রোল নম্বর দিতে হবে।

(চ) টাকার পরিমাণ লিখতে হবে।

(ছ) চার সংখ্যার পিন টাইপ করতে হবে।

(জ) Ok অথবা Send বাটন ক্লিক করতে হবে।

(ঝ) প্রাপ্ত ট্র্যাকিং নম্বরটি সংরক্ষণ করতে হবে।

**DBBL Help line-16216** (তথ্য পাওয়ার প্রয়োজনে)

বি: দ্র: যাদের **DBBL** মোবাইল একাউন্ট নেই তারা যে কোন এজেন্ট এর মাধ্যমে একই নিয়মে ফি প্রদান করতে পারবে।

প্রতিস্বাক্ষর  
স্বাক্ষরিত  
২৬/০৯/২০১৮  
অধ্যক্ষ

রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।

স্বাক্ষরিত  
২৬/০৯/২০১৮  
আস্থায়ক  
১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি: ২০১৮-১৯  
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।